

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.techedu.gov.bd

অফিস আদেশ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৬৬.০১.১৬৪.১৮-৪৯৬ তারিখ : ০৪ জুন, ২০১৮খ্রিঃ মোতাবেক এম.পি.ও.ভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং গত ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণী শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে নিয়োগপ্রাপ্ত এম.পি.ও. বিহীন শিক্ষক/প্রভাষকদের এম.পি.ও. ভুক্ত করণের নিমিত্ত “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ)-এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালা/নির্দেশিকার ২০১০ (সর্বশেষ সংশোধিত মার্চ, ২০১৩)-এর ১৭-নং অনুচ্ছেদের ১ ও ২” -এর আলোকে সংশ্লিষ্ট ক্ষেত্রে উপযুক্ত শিক্ষক নির্বাচনকল্পে নিম্নোক্তভাবে ০৩ সদস্য বিশিষ্ট ০১টি কমিটি গঠন করা হল-

যাচাই-বাছাই কমিটি

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটির পদবী
০১	যুগ্ম-সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	আহ্বায়ক
০২	চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঢাকা এর ১জন প্রতিনিধি।	সদস্য
০৩	সহকারী পরিচালক(এমপিও) কারিগরি শিক্ষা অধিদপ্তর ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি ;

- ১। উপযুক্ত শিক্ষক নির্বাচনে অর্থ বিভাগের ২২/০৮/২০১৭খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভার কার্য বিবরণী এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৬৬.০১.১৬৪.১৮-৪৯৬ তারিখ : ০৪ জুন, ২০১৮খ্রিঃ আদেশটি অনুসরণ করতে হবে।
- ২। উপযুক্ত শিক্ষক নির্বাচনের পর এম.পি.ও. বিবেচনার ক্ষেত্রে এম.পি.ও. সংক্রান্ত জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা ২০১০ (৪ ফেব্রুয়ারী, ২০১০ এ প্রণীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুসরণ করতে হবে।
- ৩। স্ব স্ব বিষয়ে শিক্ষক হিসেবে নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ যোগ্যতা এবং নিয়োগ কমিটির সুপারিশের বৈধতা যাচাই করতে হবে।
- ৪। সংশ্লিষ্ট ক্ষেত্রে উপযুক্ত শিক্ষক নির্বাচন এবং স্ব স্ব বিষয়ে এম.পি.ও. প্রস্তাবের ক্ষেত্রে বিষয় ভিত্তিক শিক্ষকের সংখ্যা ও আর্থিক সংশ্লেষ নিরূপণ করে বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৫। উপযুক্ত শিক্ষক নির্বাচন এবং এম.পি.ও. ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৬। কমিটি ০৭ কর্ম দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

স্বাক্ষরিত/-

(অশোক কুমার বিশ্বাস)

অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৩.১৮-৫১৬(৭)

তারিখঃ ০৬/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্ম-সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদানের অনুরোধ করা হল)।
- ২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (০১জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
- ৪। উপসচিব(কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও.)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।